with Suduser Priya (Short) 14-12-35

চিত্র-পরিবেশক—

রীতেন এণ্ড কোং,

৬৮, ধর্ম্মতলা, কলিকাতা।

১৬-১-এ বিডন ষ্ট্রীট্, কলিকাতা বি, নান (পাবলিসিটি এজেণ্ট) কর্ত্তৃক প্রকাশিত

কালী ফিল্মসের

সর্ব্বশ্রেষ্ঠ অর্ঘ্য



শ্রীপ্রিয়নাথ গাঙ্গুলীর

প্রযোজনায়

মহাকবি ৺গিরিশচন্দ্র ঘোষের

# প্রফুল্ল

— ও —

# সুদূরের প্রিয়া

## শিল্পী-সঙ্ঘ ও সংগঠনকারী।

কথা ও কাহিনী—মহাকবি ৺গিরিশচন্দ্র ঘোষ
প্রযোজক—প্রিয়নাথ গাঙ্গুলী
পরিচালক—তিনকড়ি চক্রবর্ত্তী
সুরশিল্পী—কৃষ্ণচন্দ্র দে
শব্দযন্ত্রী—মধুসূদন শীল, এম্, এস্, সি
ঐ সহকারী—
জগদীশ বসু, সমর বসু ও যতীন দত্ত



আলোক চিত্র-শিল্পী—ননী গোপাল সান্ন্যাল
ঐ সহকারী—
শ্যামদাস মুখোপাধ্যায়, গোবিন্দচন্দ্র গাঙ্গুলী
রসায়নাগারাধ্যক্ষ—কৃষ্ণকিঙ্কর মুখোপাধ্যায়
ঐ সহকারী—গোপাল গাঙ্গুলী, শৈলেন ঘোষাল
সুশীল গাঙ্গুলী, ননী চ্যাটার্জ্জী
চিত্র-সম্পাদক—বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়
ঐ সহকারী—
বিনয় বন্দ্যোপাধ্যায়, সন্তোষ গাঙ্গুলী
শিল্প-নির্দ্দেশক—পরেশ চন্দ্র বসু (পটল বাবু)

যোগেশ—
তিনকড়ি চক্রবর্ত্তী

রমেশ—
অহীন্দ্র চৌধুরী

সুরেশ—
শৈলেন চৌধুরী

শিবনাথ—
জহর গাঙ্গুলী

পীতাম্বর—
শীতল পাল

দেওয়ান—
তারাকুমার ভাদুড়ী

কাঙালীচরণ—
নরেশ মিত্র

ভজহরি—
জীবন গাঙ্গুলী

ইন্সপেক্টর—
শৈলেন চট্টোঃ

মদন ঘোষ—
যোগেশ চৌধুরী

সাধক—
বিনয় গোস্বামী

যাদব—
শেফালিকা

উমাসুন্দরী—
নগেন্দ্রবালা

জ্ঞানদা—
প্রভা

প্রফুল্ল—
রাণীবালা

জগমণি—
হরিসুন্দরী (ব্ল্যাকী)

মাতাল্নী—
রাজলক্ষ্মী

বাড়ীওয়ালী—
চূণিবালা

# সুদূরের প্রিয়া

রচয়িতা—অজয়কুমার ভট্টাচার্য্য
পরিকল্পনা ও গীত—কুমার শচীন দেববর্ম্মণ
সুরযন্ত্রীবৃন্দ— খগেন্দ্রনাথ দে, অমলমোহন রায়, বিমল মজুমদার

### (গান)

তুমি নি আমার বন্ধু,
আমি নি তোমার বন্ধুরে।
দিনের সুরজ তুমি আমার রাতের চন্দ্রলেখা,
আঁধার নামে আমার চোখে না পাই যদি দেখা।
তুমি নি আমার বন্ধুরে—
তুমি হইও বটবৃক্ষ আমি হব লতা,
কাণে কাণে কইব কথা যত দুঃখের কথা।
তুমি নি আমার বন্ধু,
আমি নি তোমার বন্ধুরে।
ভোম্রা হইয়া আইস উইড়া আমি হব ফুল,
মলিন দেইখ্যা চিনবে আমায় না হয় যেন ভুল।
তুমি নি আমার বন্ধু,
আমি নি তোমার বন্ধুরে।

# গল্পাংশ



গিন্নী উমাসুন্দরী সংসারের সমস্ত খুঁটিনাটি বুঝিয়ে বড়-বৌ জ্ঞানদাকে বাড়ীর নূতন গিন্নী করে শ্রীধাম বৃন্দাবনে গোবিন-জীর চরণপ্রান্তে উপনীত হবার জন্য যোগেশকে তাঁহার ইচ্ছা প্রকাশ করিয়া কয়েকটী গরীব দুঃখীকে কিছু দান করিবার জন্য জিদ ধরিলেন। পুত্র যোগেশ—মাতৃ আজ্ঞা পালনে সম্মতি দান করিলেন। শুধু তাই নয় মাতা বর্ত্তমানে স্বোপার্জ্জিত বিষয় আশয় সমান তিন অংশে ভাগ করিয়া দিবার মানসে ও দেবোত্তর বাড়ী মায় পঞ্চাশ হাজার টাকার সুদ হইতে অনাথা গৃহস্থদের শাকান্ন পরিবেশনের জন্য স্বো-অর্থে প্রতিপালিত ও এটর্ণি বিদ্যা শিক্ষা প্রদত্ত ভ্রাতা রমেশকে ইহার Trustee নিযুক্ত করিয়া একটী দলিল তৈয়ার করিবার হুকুম দিলেন। ভাগা বাঁটোয়ারা কার্য্য সমাধা করিয়া অতিরিক্ত পরিশ্রম লাঘবের জন্য তিনি সবে মাত্র একটু রঙিন সুধা পান করিয়াছেন—এমন সময় সরকার পীতাম্বর কাঁদতে কাঁদতে এসে বল্লে বাবু—বাবু—ব্যাঙ্ক ফেল হয়েছে—দি ইউনিয়ন ব্যাঙ্ক ফেল হয়েছে—

এই অলুক্ষণে খবর শুনে যোগেশের সুখের নেশা টুটে গেল—সংসার ঘোর অন্ধকারময় মনে হল—তিনি আবার মদ ঢেলে খেতে আরম্ভ করলেন। বয়াটে ছোট ভাই সুরেশ ভ্রাতার অন্ন ধ্বংসে ইয়ারকী মারতে গিয়েছিল, টাকার টানে বাড়ী এসে যখন শুনলে তার বড়দাদার সর্ব্বনাশ হয়েছে—তাদের যথা-সর্ব্বস্ব উচ্ছন্নে যেতে বসেছে তখন বড়দাদার মঙ্গল কামনায় একটী মন্ত্রপূত মাহুলী আনিবার নাম করে মেজ-বৌ প্রফুল্লের নিকট হইতে তাহার পরিত্যক্ত দুইটী সোনার মাকড়ী চেয়ে নিয়ে মেজ ভায়ের কাছে সাধু সাজিবার জন্য বৌদিদির মাকড়ী দুটী অন্নদা পোদ্দারের দোকানে ১০৲ টাকায় বাঁধা রেখেছে একথা লিখে রেখে গেল।

মেজ ভাই রমেশ নূতন অফিস খুললেন। তার মনের মতন চাকরও জুটে গেল। একটী কাঙ্গালীচরণ—ইনি দ্বি-শাস্ত্রে সুপণ্ডিত আর্টিকেল ক্লার্ক আবার ডাক্তার প্রায় সব রুগীই ইহার হাতে মারা যান। বহুরূপী জগমনি ইনি মেয়ে কি মর্দ্দ চেনবার উপায় নাই। ইনি চাপরাশীর কাজ করেন। এমন দুটী রত্ন পেয়ে তিনি অন্নদাতা বড় ভাইয়ের দুঃসময়ে তাঁর বিষয়টা ফাঁকি দিবার ফন্দি আঁটলেন। যেমন ভাবা—তেমনি কাজ—দাদা যোগশকে স্বহস্তে কার্য্য সিদ্ধি কল্পে সুরাদেবীকে প্রদান করিয়া তাঁর বিষয়টা নিজের নামে Mortgage সহি করিয়ে নিয়ে, নিজের কাজ সাফাই দেখে নিজেই হাসছিলেন; তখন ব্যাঙ্কের




দেওয়ান এসে খবর দিলেন "The Bank may recover"। রমেশ বাবু, আপনার দাদাকে এই সুখবর দেবেন It is almost certain That we will recover।

এই খবর শুনে রমেশের মাথায় আবার দুর্বুদ্ধি জাগল—ছোট ভাই সুরেশকে Bankএর টাকা ফাঁকি দেবার ইচ্ছা হলো—ব্যপারীদের ফাঁকি দেবার অভিসন্ধি জাগল।



কাঙ্গালীচরণের পরামর্শ নিয়ে সুরেশকে জেলে ধরিয়ে দিলেন। দেবতুল্য বড় ভাইকে রোগের বিকারে কাঙ্গালীচরণকে দিয়ে ওষুধের নাম করে উৎকট মদ খাইয়ে, মা ও বড় ভাজকে ফুসলিয়ে ফাসলে দাদাকে মত করে সমস্ত সম্পত্তি বেনামীর লোভ দেখিয়ে নিজের নামে রেজেষ্টী করিয়া নিলে।

পরে ভাইকে "মাতাল" বলে, গৃহের লক্ষ্মী জ্ঞানদা, আলালের দুলাল যাদবকে গৃহ হারা লক্ষীছাড়া করে জনমের মত বাড়ী থেকে তাড়িয়ে দিল।



বুড়ী মা সুরেশের জেল প্রাপ্তি সংবাদে পাগল হয়ে গেল। পীতাম্বর প্রভুকে প্রতি-নিবৃত্ত করিতে গিয়া নিজের মাথা ফাটাইয়া ঘরে বসিয়া রহিল।

এদিকে মাতাল যোগেশ স্ত্রীর গহনা বেচা টাকা কড়ি যাহা ছিল মদ খেয়ে সব উড়িয়ে দিলে। একটা ছোট লোকের বাড়ীতে থাক্‌ত, প্রায় অনাহারে দিন যেত। জ্ঞানদা তার স্বামীকে শোধরাতে না পেরে হাল ছেড়ে দিল। কেবল যাদবের মুখের দিকে চেয়ে আবার বুক বেঁধে ঘরের শেষ



**চুপ!**

সম্বল বাসন বাঁধা দিয়ে ঘরের ভাড়ার জন্য ৩৲ টাকা জোগাড় করেছিল তাও স্বামী কাড়িয়া লইয়া গেল। যোগেশকে বাধা দিতে গিয়ে, নিজেদের দুঃখের কাহিনী শোনাতে গিয়ে, ছেলেটা আধ-পেটাওখাইতে পায়না বোঝাতে গিয়ে, জ্ঞানদা স্বামীর কাছ থেকে পদাঘাত খেয়ে যখন অচেতন হয়ে পড়েছিল; তখন বাড়ীওয়ালী ভাড়ার তাগাদা দিতে আসিয়াছে—অভুক্ত পুত্র যাদব ভাত খাইতে আসিয়াছে—এমন সংস্থান নাই যে এক পয়সার মুড়ি কিনে খেতে দেয়, উঃ! মা হয়েও জ্ঞানদাকে তাও সইতে হইল। পয়সার অভাবে ঘর ছেড়ে গাছতলায় আশ্রয় নিতে হলো এমন কি যোগেশ পিতা হয়ে পুত্রের খাবার কিনিবার প্রফুল্ল দত্ত মাত্র ৪ আনা পয়সা পর্য্যন্ত কেড়ে নিয়ে মদ খেতে চলে গেল। পুত্র যাদব কাঁদতে কাঁদতে মায়ের কাছে এসে এ বাণীও শোনাল।







এখন আপনারা স্বচক্ষে রূপালী পর্দ্দায় জ্ঞানদার করুণ মৃত্যুচ্ছবি—জেল প্রত্যাগত সুরেশের ভ্রাতা যোগেশের শেষ সম্বল একমাত্র বংশের প্রদীপ যাদবকে বাঁচাবার আপ্রাণ চেষ্টা, নবপিশাচ রমেশের সতীলক্ষ্মী স্ত্রী প্রফুল্লের আক্ষেপ করিতে করিতে স্বামী হস্তে প্রাণ বিসর্জ্জন—মুমূর্ষু যাদবের করুণ বিলাপধ্বনি কেমন করে আবার বৃদ্ধা মাতার সম্মুখে তিন ভাইকে একত্রিত করেছিল তারই প্রতিচ্ছবি দেখতে পাবেন।

---





# সঙ্গীতাংশ।

## ঘেমটা-ওয়ালীদ্বয়ের গীত।

( ও আমার ) ঘরে থাকা এই চোটে মুস্কিল।
ড্যাগরা নাগর বরণ ছু-পোড়, বদনখানি বাদার বিল ॥
মরি কি আঁকা বাঁকা, চেপ্টা নাকে নয়ন ঢাকা,
আকর্ণ হাঁ, ছু' মেড়ে ফাঁকা :
গস্তে গেছে বাছার দাড়ী, উল্‌টো ঠোটে মজায় দিল ॥

## মাতাল্‌নীর গীত

মা, তোমার এ কোন দেশী বিচার।
আমি কেঁদে বেড়াই পথে পথে, দেখা দাওনা একটী বার ॥
মদ খেয়ে বেড়াস্ ধেয়ে, কে জানে কেমন মেয়ে,
কোলের ছেলে দেখলিনি চেয়ে,
আমিও মাত্‌বো মদে, মা ব'লে ডাক্‌বো না আর ॥

## জনৈক লোকের গীত

মন আমার দিন কাটালি, মূল খোয়ালি
ভাল ব্যাসাত ক'র্‌লি ভবে।
এক্‌লা এলে এক্‌লা যাবে, মুখ চেয়ে কার ঘুর্‌ছ তবে ?
কে তুমি বল্‌ছো আমি, দেখ্ ভেবে আর ভাব্‌বি কবে ?
ভাঙ্গবে মেলা, ঘুচ্‌বে খেলা, চিতার ছাই নিশানা রবে !

*For* ⟶

## CINEMA SLIDES & PROGRAMMES ADVERTISEMENT

CONSULT :

# B. NAN (Advertising Consultant)

16/1A, BEADON STREET. CALCUTTA

PHONE B. B. 3234

---

*Apply for* ⟶

## SLIDE ADVERTISEMENT AT

# "UTTARA" & "SAREE"


IN NORTHERN CALCUTTA

**Sree Publicity Service** (*Sole Agent*)

147B, DHARAMTOLLA ST.,, CALCUTTA

PHONE CAL. 1698

---



**For Collapsible Gates Wrought Iron Gates & Grilles.**

RING UP B. B. 3234

*Manufacturers :—*

# PARIS

# COLLASIBLE GATE

# COMPANY.

16-1-A, Beadon Street, CALCUTTA.

---

Printed by G. B. Dey at the Oriental Printing Works, 18, Brindabun Bysack Street and
Published by B. Nan, 16-1-A, Beadon Street, Calcutta.